যুগান্তর

তারিখ ... 3 MAY 2012 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ .....

# জাতীয় সংসদের গ্রন্থাগার বিধির খসড়া অনুমোদন

সংসদ রিপোর্টার

সাবেক সংসদ সদস্যদের লাইব্রেরি ব্যবহারের সুযোগ, দেশ ও দেশের বাইরের বিভিন্ন লাইব্রেরির সঙ্গে সংযোগ স্থাপনসহ বেশ কিছু পরিবর্তন এনে জাতীয় সংসদের গ্রন্থাগারবিধির খসড়া অনুমোদন দিয়েছে জাতীয় সংসদের লাইব্রেরি কমিটি। বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। কমিটির সভাপতি ডেপুটি স্পিকার কর্নেল (অব.) শওকত আলী সভায় সভাপতিত্ব করেন। কমিটির সদস্য ইমরান আহমদ, মো. ইসহাক হোসেন তালুকদার, মাহবুব আরা বেগম গিনি ও গোলাম ফারুক খন্দকার প্রিন্স এ সময় উপস্থিত ছিলেন। বৈঠকে জানানো হয়, অর্থ মন্ত্রণালয় ও জাতিসংঘের উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) আর্থিক সহায়তায় ই-লাইব্রেরির কার্যক্রম আরও গতিশীল করতেই গ্রন্থাগারবিধির পরিবর্তন করা হচ্ছে। এ লক্ষ্যেই খসড়াবিধিতে সংসদ লাইব্রেরিকে আরও আধুনিক করতে অনেকগুলো নতুন বিধি যুক্ত করা হয়েছে। এতে সাবেক সংসদ সদস্যদের সংসদের লাইব্রেরি ব্যবহারের সুযোগ দেয়ার বিধানও রাখা হয়েছে।

খসড়ার ১২ নম্বর ধারায় বলা হয়েছে, জাতীয় সংসদের সাবেক সদস্যরা গ্রন্থাগার ব্যবহারের সুবিধা পাবেন। লাইব্রেরির বর্তমান বিধিতে সাবেক এমপিদের এ সুবিধা ছিল না। খসড়ার ৩০ নম্বর বিধিতে বলা হয়েছে, জাতীয় সংসদের ওয়েবসাইটের সঙ্গে সংসদ লাইব্রেরির সংযোগ থাকবে। আন্তর্জাতিক আন্তঃগ্রন্থাগার সহযোগিতাবিধি অনুসরণ করে সংসদ গ্রন্থাগারের সঙ্গে দেশ ও বিদেশের উল্লেখযোগ্য ও আধুনিক বিশেষায়িত লাইব্রেরির সঙ্গে যোগাযোগ স্থাপন করতে হবে। ৩২ নম্বর ধারায় বলা হয়েছে, সংসদ বিতর্ক ও অন্যান্য দুষ্প্রাপ্য বই ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩৩ নম্বর ধারায় বলা হয়েছে, লাইব্রেরি আধুনিকায়নের জন্য কম্পিউটারাইজড ক্যাটালগিং পদ্ধতি চালু করতে হবে এবং পর্যায়ক্রমে লাইব্রেরির সব কার্যক্রম অনলাইনের আওতায় আনতে হবে। বর্তমান বিধিমালায় গবেষকদের সচিবের অনুমতি সাপেক্ষে লাইব্রেরি ব্যবহারের বিধান রয়েছে। তবে গবেষকদের সংজ্ঞা নির্ধারণ করা নেই। খসড়া বিধিমালায় গবেষকের সংজ্ঞা নির্ধারণ করা হয়েছে। এতে বলা হয়েছে, গবেষক বলতে মৌলিক গবেষণা করছে নিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বোঝাবে। এতে আরও বলা হয়েছে, অধিবেশন চলাকালে কোন গবেষককে সাধারণভাবে গ্রন্থাগার ব্যবহারের অনুমতি দেয়া হবে না। তবে বিশেষ বিবেচনায় স্পিকারের অনুমতিসাপেক্ষে লাইব্রেরি ব্যবহারের অনুমতি দেয়া হবে। বর্তমান বিধিতে অধিবেশন চলাকালীন এই অনুমতির বিধান নেই। গ্রন্থাগার পরিদর্শনের ক্ষেত্রেও খসড়াবিধিতে নতুন নিয়ম যুক্ত করা হয়েছে। বর্তমান বিধিতে এ বিষয়ে বলা হয়েছে, কোন দেশী বা বিদেশী অতিথি গ্রন্থাগার পরিদর্শনে ইচ্ছুক হলে সচিব/যুগ্ম সচিবের অনুমতি নিয়ে পরিদর্শন করতে পারবেন।